

১. মনোবিদ্যার পরিসর বা আলোচ্য বিষয় আলোচনা করো।

মনোবিদ্যা 'মানস-জীবনের আলোচনা'। মনের সঙ্গে যা কিছু সম্পর্কিত তাই মনোবিদ্যার আলোচ্য বিষয়। মনোবিদ্যার আলোচ্য বিষয়গুলিকে সংক্ষেপে উল্লেখ করা হল-

(১) মনোবিদ্যা যে মন নিয়ে আলোচনা করে তা কোন চেতন দ্রব্য বা আত্মা নয়, তা হল শরীরী মন। মনোবিদ্যায় 'মন' বলতে বোঝায় বিভিন্ন মানসিক অবস্থা সমূহকে যা শরীরকে আশ্রয় করে প্রকাশ পায়। মানসিক অবস্থাগুলি মূলত তিন প্রকার: (ক) চিন্তন (**thinking**), অনুভূতি (**feeling**) ও ইচ্ছা (**willing**)। সংবেদন, প্রত্যক্ষণ, স্মৃতি ও কল্পনা, যুক্তিক্রিয়া (**reasoning**) প্রভৃতি চিন্তনের অন্তর্গত। ইন্দ্রিয়-অনুভূতি, আবেগ, অনুভূতির অন্তর্গত। ঐচ্ছিক ও অনৈচ্ছিক ক্রিয়া, সহজ-ক্রিয়া (**instinctive action**), মনোযোগ প্রভৃতি ইচ্ছার অন্তর্গত। কাজেই, এসবই মনোবিদ্যার আলোচ্য বিষয়।

(২) নিজের অন্তর্দর্শনে সরাসরি জানা গেলেও অপরের মানসবৃত্তিকে এভাবে জানা যায় না। মনের প্রকাশ ঘটে দৈহিক অভিব্যক্তি বা আচরণের মাধ্যমে। 'আচরণ' বলতে বাচিক আচরণও বোঝায়। চিন্তা, অনুভূতি, ইচ্ছা প্রভৃতি মানসবৃত্তিগুলি ব্যক্তির দৈহিক প্রকাশ ও তার কথাবার্তার মধ্য দিয়ে প্রকাশ পায়। অপরের মন সম্পর্কে জ্ঞানলাভ করতে হলে এজন্য তার বাহ্যিক আচরণ পর্যবেক্ষণ করতে হয়। কাজেই, ব্যক্তির আচরণও মনোবিদ্যার আলোচ্য বিষয়।

(৩) নিজের মনকে অন্তর্দর্শনে ও অপরের মনকে বাহ্যদর্শনে জানতে হয়। কাজেই অন্তর্দর্শনের স্বরূপ, সম্ভাব্যতা ও দোষগুণ, বাহ্যদর্শনের বা আচরণদর্শনের স্বরূপ, সম্ভাব্যতা ও দোষগুণ প্রভৃতি ও মনোবিদ্যার আলোচ্য বিষয়ের অন্তর্গত।

(৪) মানসবৃত্তি কখনো নির্বিষয় (**objectless**) হয় না। বাঘ দেখে আমরা ভয় পাই, শত্রুকে দেখে রেগে যাই। রাগ, ভয় প্রভৃতি মানসিক ব্যাপারকে জানতে হলে তাদের বিশেষ বিশেষ বিষয়, পরিবেশ ইত্যাদি সম্বন্ধেও বোধ থাকা প্রয়োজন। কাজেই মানসবৃত্তির 'বিষয়ও' মনোবিদ্যার আলোচ্য বিষয়। অবশ্য যে-সব বিষয় মনের সঙ্গে, অভিজ্ঞতার সঙ্গে, কোনভাবে যুক্ত নয়, সেসব বিষয় মনোবিদ্যার আলোচ্য নয়।

(৫) মনোবিদ্যায় 'বুদ্ধি' একটি উল্লেখযোগ্য আলোচ্য বিষয়। বুদ্ধি কাকে বলে? ব্যক্তিভেদে বুদ্ধির তারতম্য হয় কেন? বুদ্ধির পরিমাপ সম্ভব কিনা; বুদ্ধির উন্নতি ঘটানো যায় কি না? বুদ্ধির ওপর বংশগতি ও পরিবেশের প্রভাব কিরূপ- এ-সব প্রশ্ন সাতিশয় গুরুত্বের সঙ্গে আলোচনা করা হয়।

(৬) মনোবিদ্যার অপর একটি উল্লেখযোগ্য আলোচ্য বিষয় হল 'ব্যক্তিত্ব' (**Personality**)। ব্যক্তিত্ব বলতে কি বোঝায়? ব্যক্তিত্বের বিকাশ কিভাবে ঘটে এবং কিভাবে তা বংশগতি ও পরিবেশের দ্বারা প্রভাবিত ও নিয়ন্ত্রিত হয়? ব্যক্তিত্বের বিভিন্ন প্রকার কি কি?

(৭) মনোবিদ্যা কেবল ব্যক্তির মন নিয়ে আলোচনা করে না, গোষ্ঠী মনও আলোচনার অন্তর্গত; কেবল স্বভাবী (**normal**) মন নিয়েই আলোচনা করে না, অস্বভাবী (**abnormal**) মনও আলোচনার অন্তর্গত; কেবল চেতন

মন নিয়েই আলোচনা করে না, অবচেতন ও নিঞ্জান মন ও আলোচনার অন্তর্গত; কেবল মানুষের মন নিয়েই আলোচনা করে না, মনুষ্যের প্রাণীদের মনও আলোচনার অন্তর্গত। ব্যক্তি ও গোষ্ঠী মন, স্বভাবী ও অস্বভাবী মন, চেতন ও নির্বান মন, মানুষের ও মনুষ্যের প্রাণী-মন অর্থাৎ সকল প্রকার ও সকল স্তরের মনই মনোবিদ্যার আলোচনার অন্তর্গত।